

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৩, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-১ শাখা

আদেশ

তারিখ, ৮ চৈত্র ১৪১২/২২ মার্চ ২০০৬

এস, আর, ও নং ৫২-আইন/২০০৬।—যেহেতু সুইডেন, নাইজার, শ্রোভাকিয়া, হাসেরী, মঙ্গোলিয়া, সুইজারল্যান্ড, সারবিয়ামচিনিগ্রো, মায়ানমার, ক্যামেরুন, আফগানিস্থান, আলবেনিয়া, পোল্যান্ড, জর্জিয়া এবং জিম্বাবুয়েতে এভিয়ান ইনফ্রয়েঞ্চা/বার্ডফ্লুর প্রাদুর্ভাব দেখা দিয়াছে; এবং

যেহেতু উক্ত রোগের কারণে সরকার উপরি-উক্ত ১৪ (চৌদ)টি দেশ হইতে ১ (এক) দিনের মূরগির বাচা, মূরগির ডিম, হিমায়িত মূরগির মাংস, মূরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানি স্থগিত করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু এস, আর, ও নং ২০-আইন/০৪, এস, আর, ও নং ১০৬-আইন/০৪, এস, আর, ও নং ১৯২-আইন/০৪, এস, আর, ও নং ২৮৮-আইন/০৪, এস, আর, ও নং ২৬৯-আইন/২০০৫, এস, আর, ও নং ৩০৯-আইন/২০০৫, এস, আর, ও নং ৩২৩-আইন/২০০৫, এস, আর, ও নং ৪০-আইন/২০০৬ এর মাধ্যমে জাপান, তাইওয়ান, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, পাকিস্তান, ভিয়েতনাম, ভারত, মালয়েশিয়া, চীন, ইন্দোনেশিয়া, লাওস, উত্তর কোরিয়া, কঙ্গোড়িয়া, বাশিয়া, কাজাকিস্তান, তুরস্ক, ক্রমান্বয়, গ্রীস, ক্রেয়েশিয়া, জার্মানী, ফ্রান্স, আজারবাইজান, ইরাক, ইরান, শ্রোভেনিয়া, অ্যাঞ্চিয়া, ইতালী, বুলগেরিয়া, নাইজেরিয়া, মিসর, বসনিয়া ও হারাজেগোভিনা, হংকং ও ইউক্রেনসহ মোট ৩৩ (ত্রিশ)টি দেশ হইতে ১(এক) দিনের মূরগির বাচা, মূরগির ডিম, হিমায়িত মূরগির মাংস, মূরগি হইতে সকল প্রকার উৎপন্ন দ্রব্যাদি (বায়োলজিক্যাল প্রভাসেসহ), পোষ্য ও বন্য পাখি আমদানি স্থগিত করা হইয়াছিল;

(১২২৭)

মূল্য : টাকা ২.০০

সেহেতু Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সুইডেন, নাইজার, প্রোভিন্সিয়া, হান্দেরী, মঙ্গোলিয়া, সুইজারল্যান্ড, সার্বিয়ামচিনিয়ো, মায়ানমার, ক্যামেরুন, আফগানিস্থান, আলবেনিয়া, পোল্যান্ড, জর্জিয়া, এবং জিখাবুয়ে হইতেও ১(এক) দিনের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানি স্থগিত করিল।

ବ୍ୟାପକି ଆଦେଶ କ୍ରମୀ

মোঃ আবদুস সামাদ

উপ-সচিব (আইআইটি-২)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।